গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**অধ্যক্ষের কার্যালয়**
রাজশাহী কলেজ, রাজশাহী।
e-mail: rcadmsn@gmail.com website: http://rc.gov.bd / http://rc.edu.bd
online news portal: http://rc.edu.bd/rcbarta

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৫৮১

তারিখঃ ০৩ চৈত্র ১৪৩১ বঃ
১৭ মার্চ ২০২৫ খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কার্যক্রমে অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

১। অনলাইনে প্রাথমিক আবেদন করার তারিখ: **১৮/০৩/২০২৫ তারিখ সকাল ১১টা থেকে ১০/০৪/২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত।**

২। প্রার্থীদের জন্য জ্ঞাতব্য শিক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions থেকে প্রাথমিক আবেদন ফরম যথাযথভাবে পূরণ করতে হবে। পূরণকৃত আবেদনপত্র **A4 (৮.৫ ইঞ্চি×১১ ইঞ্চি)** সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট করে নিতে হবে। **আবেদন ফি ৪০০.০০** (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি ৩০০.০০ + প্রসপেক্টাস ও ভর্তি নির্দেশিকা ৫০.০০ + অনলাইন ব্যাংকিং, আইসিটি ও ব্যবস্থাপনা ফি ৫০.০০) টাকা **১৯/০৩/২০২৫ থেকে ১০/০৪/২০২৫ তারিখের মধ্যে ডাচবাংলা মোবাইল ব্যাংক এর মাধ্যমে নিচে উল্লিখিত নিয়ম অনুযায়ী জমা করতে হবে।** অতপর প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদনপত্রটি ২৩/০৩/২০২৫ থেকে ২৭/০৩/২০২৫ এবং ০৬/০৪/২০২৫ থেকে ১০/০৪/২০২৫ **(সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)** তারিখ দুপুর ০২:০০ টার মধ্যে কলেজের জমা দিয়ে নিজের অংশ সংগ্রহ করতে হবে।

৩। ভর্তি ফিস জমা:

ধাপ-১: প্রথমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের *http://app7.nu.edu.bd/nu-web/msapplication/msApplicationForm* লিংকে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে আবেদন করে Admission Roll যুক্ত ফরফ ডাউনলোড কর।

ধাপ-২: এরপর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে *https://rc.gov.bd/admission-formfillup/* লিংকের **Masters Final Application** বাটানে অথবা সরাসরি *http://180.211.183.206/EasyCollegeMate/public/Application/Masters* লিংকে ক্লিক করে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত **Admission Roll** নম্বর টাইপ করে *Next* করলে স্ক্রিনে একটি ফরম আসবে।

ধাপ-৩: উক্ত ফরমে নিজের পছন্দমতো একটি Password দিবে এবং সকল তথ্য সঠিকভাবে অত্যান্ত সাবধানাতার সাথে পুরণ করবে, নিজের পাসপোর্ট সাইজ ছবি (৬০ কিলোবাইটের কম সাইজের) আপলোড করে Submit করবে। **(এখানে একটি Reference ID পাবে। পরবর্তী তথ্য যাচাই অথবা Pay Slip ও Admission Form ডাউনলোড করার জন্য Reference ID ও Password সংরক্ষন করে রাখতে হবে)।**

**(বিঃ দ্রঃ- Submit বাটন ক্লিক করার পর যদি প্রদত্ব তথ্যে কোন ভুল বা গরমিল পরিলক্ষিত হয় তবে ফিস পরিশোধের পূর্বেই পুনরায় আবেদন করতে হবে।)**

ধাপ-৪: শিক্ষার্থী তার সকল তথ্য যাচাই করে এবং Rocket এর নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থী **৪০০.০০ টাকা** প্রদান করবে । **বিলার আইডি ৩০৪** এবং **বিলার নম্বর Admission Roll** ব্যবহার করতে হবে।

ধাপ-৫: টাকা পরিশোধ সম্পূর্ণভাবে **সফল হলে** পেজটি রিফ্রেশ করে অথবা ধাপ-১ অনুসরণ করে **Admission Confirmation Slip** এবং **Admission Form** ডাউনলোড করতে হবে। Pay slip এবং Admission Form ডাউনলোড করে প্রয়োজনীয় সংখ্যক কপি প্রিন্ট করে রাখতে হবে।

### DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:

| নিজ একাউন্ট ব্যবহারের জন্য | অন্যের একাউন্ট ব্যবহারের জন্য |
|---|---|
| ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। | ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান। |
| খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। | খ) '1' (One) নং Bill Pay সিলেক্ট করুন। |
| গ) 1 (One) নং Self সিলেক্ট করুন। | গ) 2 (Two) নং Others সিলেক্ট করুন এবং Payer's Mobile number দিন (শিক্ষার্থীর মোবাইল নম্বর)। |
| ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। | ঘ) 0 (Zero) নং Others সিলেক্ট করুন। |
| ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। | ঙ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন। |
| চ) Bill No-এ আপনার **Admission roll** দিন। | চ) Bill No-এ আপনার **Admission roll** টি দিন। |
| ছ) নির্ধারিত টাকার টা, ৪০০.০০ পরিমাণ লিখুন। | ছ) নির্ধারিত টাকার টা, ৪০০.০০ পরিমাণ লিখুন। |
| জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। | জ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন। |
| ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। | ঝ) Ok অথবা Send বাটন ক্লিক করলে ১টি Trx ID নম্বর পাওয়া যাবে। |

**** রকেট apps এর মাধমেও আবেদন ফি পরিশোধ করা যায়।**

৪। অনলাইন আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র জমা দিতে হবে ঃ

(ক) রাজশাহী কলেজে ভর্তির প্রাথমিক আবেদনপত্র জমাদানের ডাউনলোডকৃত Admission Confirmation Slip এবং Admission Form।

(খ) প্রিন্টকৃত জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনপত্র ।

(গ) স্নাতক (সম্মান)/প্রিলিমিনারী টু মাস্টার্স পরীক্ষার নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।

৫। ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) কোর্সে ভর্তির আবেদনের যোগ্যতা

| ক্রঃ নং | ভর্তিচ্ছু কোর্স ও বিষয় | কোর্সের মেয়াদকাল | ভর্তির ন্যূনতম যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | <u>এম.এ.</u><br>বাংলা, ইংরেজি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামিক স্টাডিজ, ইতিহাস, দর্শন, আরবী ও সংস্কৃত। | ১ বছর | র) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৮ সাল থেকে ২০২২ সাল পর্যন্ত চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। **<u>তবে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্ত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।</u>**<br><br>রর) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৮ সাল থেকে ২০২১ সাল পর্যন্ত প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ এবং তৎসংশ্লিষ্ট তিন বছর মেয়াদী স্নাতক (পাস) নিয়মিত পরীক্ষায় সনাতন পদ্ধতিতে ন্যূনতম ৪৫% নম্বর অথবা গ্রেডিং ও ক্রেডিট পদ্ধতিতে ন্যূনতম সিজিপিএ ২.২৫ প্রাপ্ত শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। তবে ১ম পর্ব মাস্টার্স (প্রাইভেট)/প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে না।<br><br>ররর) **উপরিউক্ত শর্ত পূরণ সাপেক্ষে** স্নাতক (সম্মান) ও প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত)/ ১ম পর্ব মাস্টার্স (নিয়মিত) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা শুধুমাত্র তাদের পঠিত বিষয়ে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে। Anthropolog বিষয়ের শিক্ষার্থীরা Sociology বিষয়ে এবং Environmental Science বিষয়ের শিক্ষার্থীরা Geography and Environment বিষয়ে আবেদন করতে পারবে। |
| ২ | <u>এম.এস.এস.</u><br>অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান এবং সমাজবিজ্ঞান। | | |
| ৩ | <u>এম.বি.এ</u><br>ব্যবস্থাপনা, হিসাববিজ্ঞান, মার্কেটিং এবং ফিনান্স ও ব্যাংকিং। | | |
| ৪ | <u>এম.এস-সি.</u><br>গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, ভূগোল ও পরিবেশ, পরিসংখ্যান এবং মনোবিজ্ঞান। | | |

৬। অনলাইন প্রাথমিক আবেদনপত্রের প্রিন্টকৃত কপি ও ফি জমা দেয়ার তারিখ, সময় ও স্থান

| তারিখ | সময় | স্থান |
|---|---|---|
| **২৩/০৩/২০২৫ থেকে ২৭/০৩/২০২৫ এবং ০৬/০৪/২০২৫ থেকে ১০/০৪/২০২৫ (সরকারি ও সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত)** | সকাল ১০ টা থেকে বেলা ০২ টা পর্যন্ত | লাইব্রেরীর পূর্ব বারান্দা |

স্বাঃ
অধ্যক্ষ
রাজশাহী কলেজ, রাজশাহী।

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫.৫৮৯ (২১)

তারিখ ০৩ চৈত্র ১৪৩১ বঃ / ১৭ মার্চ ২০২৫ খ্রি.

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

(ক) উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
(খ) বিভাগীয় প্রধান, সংশ্লিষ্ট সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;
(গ) আহ্বায়ক, মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত) ভর্তি কমিটি ২০২২-২০২৩ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
(ঘ) ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিঃ, অলকার মোড়, রাজশাহী;
(ঙ) আইসিটি, রাজশাহী কলেজ, রাজশাহী;
(চ) পরীক্ষা শাখা, রাজশাহী কলেজ, রাজশাহী;
(ছ) ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
(জ) নথি সংরক্ষণ।

অধ্যক্ষ ২৭/০৩/২০২৫
রাজশাহী কলেজ, রাজশাহী।